গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

**বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের আগস্ট ২০১৯-এর মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ২৫ আগস্ট ২০১৯
সময় : সকাল ১০: ০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) আলোচ্যসূচি অনুযায়ী ২৯ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোন আপত্তি/সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। পরবর্তীতে গত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়।

০৩। সভায় বিস্তারিত বিষয়াদি ইংরেজিতে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ে জনবল নিয়োগ | সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, নিয়োগ বিজ্ঞপ্তি "দৈনিক জনকণ্ঠ" এবং "Daily Observer" এ ০৬ আগস্ট ২০১৯ তারিখ প্রকাশিত হয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশসহ আবেদন দাখিলের জন্য টেলিটক লিংক সংযোজন করা হয়েছে; আবেদনের সর্বশেষ তারিখ ৫ সেপ্টেম্বর ২০১৯। প্রাপ্ত আবেদনের সংখ্যা বিবেচনায় পরবর্তী কর্মপরিকল্পনা ও কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি বলেন যে, সুষ্ঠুভাবে নিয়োগ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কাজের চেকলিস্ট প্রস্তুত করতে হবে এবং সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণপূর্বক নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে একটি ভাল মানের নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | (ক) সুষ্ঠুভাবে নিয়োগ সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট কাজের চেকলিস্ট প্রস্তুত করতে হবে এবং সুনির্দিষ্ট সময়সীমা নির্ধারণপূর্বক এ সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে একটি ভাল মানের নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের অনুমোদিত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী কর্মকর্তা-কর্মচারিদের জন্য প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে; আগামী ২৭-২৮ আগস্ট তারিখে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ক ১দিনব্যাপী ২টি প্রশিক্ষণের জন্য দিন ধার্য রয়েছে।<br>সভাপতি বলেন যে, APA, NIS এবং ইনোভেশন কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা এবং বার্ষিক ৬০ জনঘন্টা অর্জনের জন্য অনুমোদিত প্রশিক্ষণসূচি'র আলোকে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | (ক) APA, NIS এবং ইনোভেশন কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা এবং বার্ষিক ৬০ জনঘন্টা অর্জনের জন্য অনুমোদিত প্রশিক্ষণসূচি'র আলোকে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থবছরের এপিএ'র অর্জনসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণপূর্বক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকরত: যথাযথ প্রমাণকসহ নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। এছাড়া, ২০১৯-২০ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে এপিএ টিম এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/দপ্তরের নিয়ে ইতোমধ্যে সভা আয়োজন করা হয়েছে; উক্ত সভায় এপিএ'র লক্ষ্যমাত্রাকে মাসিক লক্ষ্যমাত্রায় বিভাজন করে একটি ছক প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে দেয়া হয়েছে এবং অগ্রগতি প্রতিদেবন দাখিলের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি এপিএ টিমকে পুনর্গঠন করা প্রয়োজন মর্মে | (ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্টদের সাথে সভা আয়োজনসহ যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br>(খ) উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আয়োজিত মাসিক 'এডিপি রিভিউ' সভায় মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নের অগ্রগতি | ১। যুগ্মসচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়<br>২। যুগ্মসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়। |

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি বলেন যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্টদের সাথে সভা আয়োজনসহ যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি উল্লেখ করেন যে, এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন অনেকাংশে নির্ভর করে প্রকল্প বাস্তবায়নের ওপর। তাই মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আয়োজিত 'এডিপি রিভিউ' সভায় এপিএ বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য এপিএ টিম লিডারকে নির্দেশনা দেন। তিনি আরও বলেন যে, আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা সংশোধনের সুযোগ রয়েছে। তাই প্রয়োজনের নিরিখে এপিএ বাস্তবায়নের নির্দেশিকা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি এ বিষয়ে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করারও নির্দেশনা দেন।</td><td>উপস্থাপন করতে হবে;<br>(গ) প্রয়োজনের নিরিখে এপিএ বাস্তবায়নের নির্দেশিকা অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা সংশোধনের জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(ঘ) এপিএ টিম পুনর্গঠন করতে হবে; এবং<br>(ঙ) এপিএ'র সর্বশেষ বাস্তবায়ন আগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৩.৪</td><td>জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন</td><td>উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনা অনুযায়ী অর্জনসূহ মূল্যায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ৫ আগস্ট ২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। এছাড়া, ২০১৯-২০ অর্থবছরের কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে এবং সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ প্রধানকে অনুলিপি প্রেরণপূর্বক অনুরোধ জানানো হয়েছে।<br><br>আলোচনায় অংশ নিয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) বলেন যে, ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিকে ১মাসের মুল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হয়েছে কিন্তু এখনও সনদ দেয়া হয়নি। তিনি সনদ পত্র প্রদানের উদ্যোগ নেয়ার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি এপিএ ও NIS-সহ সংস্কারধর্মী কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দেয়ার জন্য প্রতিটি অধিশাখা/শাখায় নথি সৃজন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br><br>সভাপতি বলেন যে, NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ে সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। তিনি ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিদেরকে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে সনদপত্র প্রদানের উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা দেন।</td><td>(ক) ২০১৯-২০ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট কার্যক্রমগুলি যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;<br>(খ) NIS কর্ম-পরিকল্পনার সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>(গ) ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিদেরকে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে সনদপত্র প্রদানের উদ্যোগ নিতে হবে;<br>(ঘ) এপিএ ও NIS-সহ সংস্কারধর্মী কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দেয়ার জন্য প্রতিটি শাখায় নথি সৃজন করতে হবে।</td><td>১। অনুবিভাগ প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br><br>২। উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়।<br><br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>৪। অধিশাখা/শাখা কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৩.৫</td><td>বিভাগীয় মামলা নিষ্পত্তি</td><td>উপসচিব (প্রশাসন-৩) জুলাই ২০১৯ মাস পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের বিভাগীয় মামলা নিষ্পত্তি সংক্রান্ত নিম্নোক্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন:<br><table><tr><th>পূর্ব মাসের জের</th><th>জুলাই ২০১৯ মাসে প্রাপ্ত</th><th>জুলাই ২০১৯ মাসে নিষ্পত্তি</th><th>মোট অনিষ্পন্ন</th><th>৩ মাসের কম</th><th>৩ মাসের উর্ধ্বে</th><th>৬ মাসের উর্ধ্বে</th></tr><tr><td>৪৫</td><td>-</td><td>-</td><td>৪৫</td><td>৩</td><td>০</td><td>৪২</td></tr></table><br>সভাপতি বলেন যে, বিভাগীয় মামলা পর্যালোচনার জন্য আলাদা একটি সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভায় অনিষ্পন্ন বিভাগীয় মামলার সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করতে হবে। তিনি অনিষ্পন্ন বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি জন্য নির্দেশনা দেন।</td><td>(ক) বিভাগীয় মামলা পর্যালোচনার জন্য আলাদা একটি সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভায় অনিষ্পন্ন বিভাগীয় মামলার সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করতে হবে; এবং<br>(খ) অনিষ্পন্ন বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.৬</td><td>অডিট আপত্তি</td><td>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), জুলাই ২০১৯ পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের কোন অডিট আপত্তি পেন্ডিং নেই। তবে, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়ে ৭৪৩টি, মহাব্যবস্থাপক (পূর্ব)-এর কার্যালয়ে ৯৮৫১টি এবং মহাব্যবস্থাপক (পশ্চিম)-এর কার্যালয়ে ৯০১৬টিসহ মোট ১৯৬১০টি অডিট আপত্তি পেন্ডিং রয়েছে এবং জড়িত টাকার পরিমাণ ৩৭৬,৮৮,১৬৭৩২। এ বিষয়টি মাসিক সমন্বয়সভায় বিস্তারিতভাবে আলোচনা করা হবে। তিনি আরও জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের অনিষ্পন্ন অডিট হালনাগাদ তথ্য পাওয়ার সুবিধার্থে এবং সকলকে অবহিত করার জন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে। উক্ত সফটওয়্যারে তথ্য-উপাত্ত আপলোডের কার্যক্রম চলমান রয়েছে। এটি সফল হলে অনিষ্পন্ন অডিটসমূহ নিষ্পত্তির বিষয়ে তাৎক্ষণিকভাবে সকলে হালনাগাদ অবহিত করা সম্ভব হবে।<br>সভাপতি অডিট আপত্তি সংক্রান্ত কার্যক্রমগুলি গুরুত্বসহকারে সম্পন্ন করতে হবে এবং প্রস্তুতকৃত সফটওয়্যারটি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেন।</td><td>অডিট আপত্তি সংক্রান্ত কার্যক্রমগুলি গুরুত্বসহকারে সম্পন্ন করতে হবে এবং প্রস্তুতকৃত সফটওয়্যারটি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৩.৭</td><td>ই-ফাইলিং ও ভিডিও-কনফারেন্স</td><td>সিনিয়র সিস্টেম এনালিস্ট সভায় জুলাই ২০১৯-এ ই-ফাইলে নথি এবং ডাক নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকের মাধ্যমে উপস্থাপন করেন:<br><table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিষয়</th><th>জুন ২০১৯</th><th>জুলাই ২০১৯</th><th>বৃদ্ধি</th><th>হ্রাস</th></tr>
<tr><td>১।</td><td>নথি</td><td>৪১.৬৮ %</td><td>৪১.৪৭%</td><td>-</td><td>(৪১.৬৮-৪১.৪৭)% =০.২১%</td></tr>
<tr><td>২।</td><td>ডাক</td><td>৩৪.০১%</td><td>৩১.৪৬%</td><td>-</td><td>(৩৪.০১-৩১.৪৬)% =২.৫৫%</td></tr>
</table><br>তিনি আরও জানান যে, মন্ত্রণালয়/বিভাগসমূহের মধ্যে ই-নথি কার্যক্রম বাস্তবায়নে রেলপথ মন্ত্রণালয়ের জুলাই ২০১৯ মাসে অবস্থান ২৪তম যা জুন ২০১৯ মাসের তুলনায় ৫ ধাপ পিছিয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোড ও ওয়েবসাইটটি হালনাগাদ করা হচ্ছে মর্মেও তিনি উল্লেখ করেন।<br>সভাপতি বলেন যে, সকল অনুবিভাগে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। তিনি ফ্রন্টডেস্ক-এর মাধ্যমে পত্রগহণ এবং ই-নথি সিস্টেম ব্যবহার করে উক্ত পত্রাদি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করার নির্দেশনা দেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা করার ওপর জোর দিয়ে তিনি বলেন যে, মাসিক সমন্বয় সভা এবং উন্নয়ন/উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সভা ব্যতিত অন্যান্য সকল সভা ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজন করতে হবে।</td><td>(ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল শাখায় ই-নথির ব্যবহার, কমপক্ষে শতকরা ৭০ ভাগ নথি ই-ফাইলিং-এর মাধ্যমে নিষ্পত্তি এবং শতকরা ৬০ ভাগ পত্র ই-নথিতে জারি নিশ্চিত করতে হবে;<br>(খ) মাসিক সমন্বয় সভা এবং উন্নয়ন/উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সভা ব্যতিত অন্যান্য সকল সভা ভিডিও কনফারেন্স-এর মাধ্যমে আয়োজন করতে হবে; এবং<br>(গ) ফ্রন্টডেস্ক-এর মাধ্যমে পত্রগহণ এবং ই-নথি সিস্টেম ব্যবহার করে উক্ত পত্রাদি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা দেন।</td><td>১। অনুবিভাগ প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়;<br>২। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়;<br>৩। উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়।</td></tr>
<tr><td>৩.৮</td><td>পরিদর্শন</td><td>উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, গত জুলাই ২০১৯ মাসে জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব (প্রশাসন-০১ শাখা), ওয়াহেদুর রশীদ, সহকারী সচিব (প্রশাসন-০৫) কর্তৃক নিজ নিজ শাখা পরিদর্শন করা হয়। তবে, উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত কোন তথ্য/প্রতিবেদন পাওয়া যায়নি।<br>সভাপতি প্রমাপ অনুযায়ী শাখা/অধিশাখা সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রতি দুই মাসে একবার শাখা/অধিশাখা পরিদর্শন করার অনুরোধ করেন। এছাড়া, উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য গঠিত ৪টি কমিটির সদস্যদেরকে উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত শাখা/ অধিশাখা পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে; এবং<br>(খ) উন্নয়ন প্রকল্প পরিদর্শনের জন্য নির্ধারিত প্রমাপ অনুযায়ী উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।</td><td>১। সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়</td></tr>
</table>

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৯ | অনিষ্পন্ন বিষয় | উপসচিব (প্রশাসন-২) সভায় বলেন যে, আইন অনুবিভাগের ৩টি বিষয় অনিষ্পন্ন রয়েছে। সভাপতি অনিষ্পন্ন বিষয়াদি কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে ও নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থাদির বিবরণ (তাগিদপত্র ইস্যুর তথ্যসহ) একটি ছকে উপস্থাপন করতে হবে। তিনি অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা দেন। | (ক) অনিষ্পন্ন বিষয়াদি কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে ও নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থাদির বিবরণ একটি ছকে উপস্থাপন করতে হবে এবং অনিষ্পন্ন দ্রুত বিষয়াদি নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১০ | মোবাইল কোর্ট পরিচালনা, রেলওয়ে নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, জুলাই ২০১৯ মাসে মোট ০৬টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে এবং ৯০টি মামলা দায়ের করে ১৩,৪৯৫/- (তের হাজার চারশত পঁচানব্বই) টাকা অর্থদন্ড আদায় করা হয়েছে। তবে কোন আসামীকে জেল দেওয়া হয়নি। তিনি আরও বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক স্টেশনে পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। এছাড়া, মোবাইল কোর্ট পরিচালনাকালে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ রেলস্টেশন ও ট্রেনের ভিতরের পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে থাকেন এবং মোবাইল কোর্ট পরিচালনা শেষে আলাদা প্রতিবেদনও প্রেরণ করেন। এ সময় রেলওয়ে নিরাপত্তার কথা বিবেচনা করে ট্রেনের ছাদে যাত্রী ওঠা এবং বিনা টিকেটে যাত্রী ভ্রমণরোধে ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>তিনি আরও বলেন যে, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঘরমুখো যাত্রীদের নিরাপদ ও সুষ্ঠু যাতায়াতের লক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, স্বাভাবিক ও বিশেষ ট্রেন সার্ভিস পরিচালনা ও যাত্রীদের নিরাপদ চলাচল নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে কর্তৃক গৃহীত কার্যক্রম মনিটরিংয়ের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে স্টেশন ভিত্তিক দায়িত্ব প্রদান করে অফিস আদেশ জারি করা হয়েছে এবং সেমোতাবেক কর্মকর্তাগণ দায়িত্ব পালন করেছেন।<br><br>সভাপতি ঈদ-উল-আযহায় ঘরমুখো যাত্রীদের নিরাপদ ও সুষ্ঠু যাতায়াতের লক্ষ্যে স্ব স্ব দায়িত্ব পালনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে ধন্যবাদ জানান। তিনি কমলাপুর, বিমানবন্দর, টঙ্গী, জয়দেবপুর, ভৈরব এবং ব্রাহ্মণবাড়িয়া স্টেশনসহ দেশের বড় বড় স্টেশগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা এবং ট্রেন ও রেলস্টেশনে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার অব্যাহত রাখারও নির্দেশনা দেন। সভাপতি বিনা টিকিটে যাত্রীদের ট্রেনের ভিতরে ও ছাদে ওঠা বন্ধ করার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যও নির্দেশনা দেন। | (ক) কমলাপুর, বিমানবন্দর, টঙ্গী, জয়দেবপুর, ভৈরব, এবং ব্রাহ্মণবাড়িয়া স্টেশনসহ দেশের বড় বড় স্টেশনগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করতে;<br><br>(খ) ট্রেন এবং রেলস্টেশনে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখতে হবে; এবং<br><br>(গ) বিনা টিকিটে যাত্রীদের ট্রেনের ভিতরে ও ছাদে ওঠা বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং | ১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১১ | মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধি প্রকল্প | যুগ্মপ্রধান (পরিকল্পনা) বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য একটি খসড়া ডিপিপি তৈরি কাজ চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য জরুরিভিত্তিতে একটি খসড়া ডিপিপি করে পরবর্তী মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | (ক) মন্ত্রণালয়ের কর্মকতা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য জরুরিভিত্তিতে একটি খসড়া ডিপিপি তৈরি করে পরবর্তী মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মপ্রধান (পরিকল্পনা) রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১২ | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | উপসচিব (প্রশাসন-২) জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের জন্য একটি সিটিজেন্স চার্টার প্রস্তুত করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উক্ত সিটিজেন্স চার্টারটি হালনাগাদ করা প্রয়োজন এবং উক্ত চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করত: অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা দেয়া যেতে পারে।<br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টারটি হালনাগাদ করতে হবে এবং উক্ত চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করত: অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করতে হবে। | (ক) মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টারটি হালনাগাদ করতে হবে এবং উক্ত চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করত: অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়। |



9

| ক্রম: | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৩ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | উপসচিব (প্রশাসন-২) জানান যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত একটি নির্দেশিকা তৈরি করা হয়েছে এবং তা বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে। উক্ত নির্দেশিকা অনুসরণে মন্ত্রণালয়ে একজন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ করা হয়েছে। এছাড়া, এ বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ সফটওয়্যার (www.grs.gov.bd) তৈরি করা হয়েছে। উক্ত সফটওয়্যার ব্যবহার করে প্রাপ্ত অভিযোগ (যদি থাকে) নিষ্পত্তি করে অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করা যেতে পারে।<br>সভাপতি বলেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকা অনুযায়ী রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং এবং অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করতে হবে। | (ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকা অনুযায়ী রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং এবং অগ্রগতি প্রতিবেদন এ সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন-১) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়।<br>২। উপসচিব (প্রশাসন-৩), রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১৪ | উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, সভায় জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের উদ্ভাবন কর্ম-পরিকল্পনা গত ২০ জুন ২০১৯ তারিখে ইনোভেশন টিমের সভায় অনুমোদিত হয়েছে এবং ৪ জুলাই ২০১৯ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনায় মোট ৩৪টি কার্যক্রম অর্ন্তভুক্ত রয়েছে।<br>সভাপতি বলেন যে, ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | (ক)ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র সিস্টেম এলালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১৫ | ওয়েবসাইট ব্যবস্থাপনা | সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, সভায় জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরত: ওয়েবসাইটটি হালনাগাদ করা হচ্ছে।<br>আলোচনায় অংশ নিয়ে উপসচিব (প্রশাসন-২) জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের কতগুলি মেন্যু, সাব-মেন্যু, সেবা বক্স ও লিংক রয়েছে এবং তন্মধ্যে কতগুলিতে তথ্য হালনাগাদ করা হয়েছে সে সম্পর্কে একটি প্রতিবেদন এ সভায় উপস্থাপন হলে হালানাগাদ সম্পর্কিত সঠিক চিত্র তুলে ধরা সহজ হবে।<br>সভাপতি বলেন যে, রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মেন্যু, সাব-মেন্যু, সেবা বক্স ও লিংকের সংখ্যা উল্লেখপূর্বক হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন দিতে হবে এবং রেলপথ মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরত: ওয়েবসাইটটি হালনাগাদ | (ক) রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের মেন্যু, সাব-মেন্যু, সেবা বক্স ও লিংকের সংখ্যা উল্লেখপূর্বক হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন দিতে হবে; এবং<br>(খ) মন্ত্রণালয়ের দৈনন্দিন কার্যক্রমের যাবতীয় তথ্য/ছবি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিত আপলোডকরত: ওয়েবসাইটটি হালনাগাদ রাখতে হবে। | সিনিয়র সিস্টেম এলালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৩.১৬ | বিবিধ: বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার নির্দেশিকা উপস্থাপন | উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে জারিকৃত বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার নির্দেশিকাটি অদ্যকার সভায় উপস্থাপনের জন্য জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব, (প্রশাসন-১)-কে দায়িত্ব দেয়া হয়েছে এবং তিনি উপস্থাপনের জন্য প্রস্তুত রয়েছেন।<br>সভাপতি সময় স্বল্পতার কারণে বিষয়টি আগামী মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার নির্দেশিকাটি আগামী মাসিক অভ্যন্তরীণ সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে। | উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়। |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব

নং ৫৪.০০.০০০০.০০৮.০০৬.১১.১৭-

তারিখ: ভাদ্র ১৪২৬ / আগস্ট ২০১৯

**কার্যার্থে/জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৩। যুগ্ম-সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৪। উপ-সচিব/উপ-প্রধান (সকল)/অতিরিক্ত প্রধান পরিকল্পনা কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাক।
০৯। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব
ফোনঃ ৪৭১২৪৩১৫
admin2@mor.gov.bd

# অদ্য ২৫ আগস্ট ২০১৯ তারিখ রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ

| ক্রঃনং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল/ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মুহম্মদ মিযানুর রহমান<br>অতিরিক্ত সচিব (উ:) | রেলপথ মন্ত্রণালয় | | ২৫/৮ |
| ২। | প্রনব কুমার ঘোষ<br>অতিঃ সচিব | ঐ | | |
| ৩। | মো: রফিকুল ইসলাম<br>যুগ্ম সচিব | ঐ | 01711691169 | |
| ৪। | ড. মোঃ খালেদ হোসেন<br>যুগ্মসচিব | ঐ | | |
| ৫। | মো: ফারুকুজ্জামান | ঐ | | ২৫/৮/১৯ |
| ৬। | জামাল উদ্দিন আহমেদ | ঐ | | ২৫/৮/২০১৯ |
| ৭। | মীর খালদার হোসেন | ঐ | | ২৫/৮/১৯ |
| ৮। | Muhammad Abdus Salam<br>Deputy Secretary | MOR | 01711988138 | |
| ৯। | Mohammad Mahfuz Hossain<br>Senior System Analyst | MoR | 01711641608 | |
| ১০। | মোহাম্মদ জহিরুল ইসলাম<br>উপ সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01819 270 886 | ২৫/৮/২০১৯ |
| ১১। | মোঃ মাজিদ উদ্দিন<br>প্রোগ্রামার | রেলপথ মন্ত্রণালয় | 01718779579 | 25/08/2019 |
| ১২। | ওয়াহেদুর রশীদ<br>সহকারী সচিব | MOR | 01794138376. | ২৫/08/2019 |

| ক্রঃনং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল/ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩. | মোঃ দুলাল মিয়া<br>সহকারী সচিব ([illegible]) | রেলপথ মন্ত্রণালয় | 01711564450 | [signature] |
| ১৪. | মোহাম্মদ শাহ আলম মিয়া<br>সহকারী সচিব (আইন-১) | রেলপথ মন্ত্রণালয় | 01991707041 | [signature] |
| ১৫। | মোহাম্মদ মাসুদ আলম<br>প্রশাসনিক কর্মকর্তা | রেলপথ মন্ত্রণালয় | 01673728182 | [signature] |
| ১৬। | জাহিদুল ইসলাম<br>প্রশাসনিক কর্মকর্তা | রেলপথ মন্ত্রণালয় | 01915865512 | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

অদ্য ২৫ আগস্ট ২০১৯ তারিখ রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকাঃ

| ক্রঃনং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল/ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | আহমেদ মোর্শেদ যুগ্ম সচিব | রেলপথ মন্ত্রণালয় | | |
| ২। | রফিকুল হাসান যুগ্মসচিব | -ঐ- | | |
| ৩। | রেখা রানী বালো যুগ্ম সচিব | ঐ | | ২৫/০৮/২০১৯ |
| ৪। | মুহাম্মদ মাহবুবুল হক উপ-সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01712097733 | ২৫/৮/১৯ |
| ৫। | সালমা পারভীন উপ-সচিব (প্রশাসন ৩) | রেলপথ মন্ত্রণালয় | 01700944895 | ২৫/৮/১৯ |
| ৬। | মো: সাইদুর রশিদ উপসচিব | রেলপথ মন্ত্রণালয় | 01712544243 | ২৫/০৮/১৯ |
| ৭। | মো: নাজমুল হক উপসচিব | ঐ | ০১৭৮৭১২৯২৫৬ | 25/8/19 |
| ৮। | মো: আলী কবীর উপ সচিব | MOR | ০১৭১২০৮০৬৬৬ | |
| ৯। | ইশরাত জাবিন সিনিয়র সহকারী সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01905875444 | |
| ১০। | সৈয়দ আহসান হাবিব সিনি: সহ: সচিব | -ঐ- | 01819537087 | |
| ১১। | মো: ইফতেখার সিদ্দিক সহকারী সচিব | ঐ | 01552314989 | |
| ১২। | মো: [illegible] দাস সহকারী সচিব | ঐ | 01716-349817 | |

| ক্রঃনং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল/ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৩ | মো: জাহিদুল ইসলাম<br>সহকারী সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01911373043 | জা ইসলাম<br>২৫/০৮/২১ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |